গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
পরিবহন পুলভবন , সচিবালয় সংযোগ সড়ক,
ঢাকা-১০০০।
আইটি সেল শাখা
www.molwa.gov.bd

স্মারক নম্বর: ৪৮.০০.০০০০.০০৯.৩২.০০১.২২.১২৩

তারিখ: ২৫ আশ্বিন ১৪২৯
১০ অক্টোবর ২০২২

বিষয়: **ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্ম-পরিকল্পনা সূচক ১.২.১ মোতাবেক ডাটাবেজ প্রস্তুতকৃত 'ছক' প্রেরণ।**

সূত্র: ০৪.০০.০০০০.৮৩৩.০৩.০০২.২০.১১১ ১৭ জুলাই ২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে, ২০২২-২৩-এর ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্ম-পরিকল্পনা সূচক ১.২.১ মোতাবেক ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারনা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুতকৃত 'ছক' নির্দেশক্রমে এতদসংঙ্গে প্রেরণ করা হলো এবং মন্ত্রণালয়ের তথ্যবাতায়ন এর 'উদ্ভাবনী কার্যক্রম (ইনোভেশন)' সেবা বক্সে আপলোড/সংরক্ষণ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে ০১ (এক) পাতা।

১২-১০-২০২২
ডা. মু. আসাদুজ্জামান
উপ-সচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফ্যাক্স: +88-02-9550127
ইমেইল: info@molwa.gov.bd

সচিব, সমন্বয় ও সংস্কার
সমন্বয় ও সংস্কার
মন্ত্রিপরিষদ বিভাগ

**দৃষ্টি আকর্ষণঃ** উপসচিব, ই-গভর্নেন্স-২ অধিশাখা , মন্ত্রিপরিষদ বিভাগ

স্মারক নম্বর: ৪৮.০০.০০০০.০০৯.৩২.০০১.২২.১২৩/১(৪)

তারিখ: ২৫ আশ্বিন ১৪২৯
১০ অক্টোবর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) অতিরিক্ত সচিব, অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর দপ্তর , মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
২) যুগ্ম সচিব (আইসিটি, আইন, বাজেট ও প্রশিক্ষণ), যুগ্ম সচিব (আইসিটি), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
৩) মন্ত্রীর একান্ত সচিব (উপসচিব), মাননীয় মন্ত্রীর দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
৪) সচিবের একান্ত সচিব , সচিবের দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

১২-১০-২০২২
ডা. মু. আসাদুজ্জামান
উপ-সচিব (অতিরিক্ত দায়িত্ব)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রণালয়/বিভাগের নাম: মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

বিষয়: ইতঃপূর্বে বাস্তবায়িত_উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ।

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্র: নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| **অর্থবছর : ২০১৯-২০** | | | | | | |
| ০১. | মুক্তিযোদ্ধাদের ডিজিটাইজ তালিকা প্রণয়ন | বীর মুক্তিযোদ্ধা বা উপকারভোগী মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগ, ভর্তি ও পিআরএল, চিকিৎসাসহ বিভিন্ন বিষয়ে প্রত্যয়নের জন্য প্রতিদিন মন্ত্রণালয়ে সেবা প্রত্যাশীগণ উপস্থিত হতেন ফলে অনেক সময় ভোগান্তি/সমস্যার সম্মুখীন হতেন। বীর মুক্তিযোদ্ধা বা উপকারভোগী ভোগান্তি/সমস্যার নিরসনের জন্য বীর মুক্তিযোদ্ধাদের (লাল মুক্তিবার্তা/ভারতীয় তালিকা/গেজেট (সকল) ডাটা ডিজিটাইজ করা হয়। বীর মুক্তিযোদ্ধাদের ডিজিটাইজ ডাটা (লাল মুক্তিবার্তা/ভারতীয় তালিকা/গেজেট (সকল) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এর ওয়েবসাইট/তথ্যবাতায়ন www.molwa.gov.bd এর (ff.molwa.gov.bd) প্রকাশিত থাকায় ভোগান্তি নিরসন ও সহজতর হয়েছে। মন্ত্রণালয়রে তথ্যবাতায়নে বীর মুক্তিযোদ্ধাদের তালিকাভুক্ত (লাল মুক্তিবার্তা/ভারতীয় তালিকা/গেজেট (সকল) সরকার কর্তৃক স্বীকৃত সকল তথ্য রয়েছে যা ইন্টারনেট/অনলাইন এর মাধ্যমে স্বল্প সময়ে ও কম খরচে যে কোন স্থান থেকে বীর মুক্তিযোদ্ধার তথ্য ও প্রয়োজনীয় দলিলাদি দেখা যায় ও প্রিন্ট নিতে পারেন। | হ্যা | হ্যা | ff.molwa.gov.bd | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০২. | ই-ফরওয়ার্ড ডাইরী | এই এপ্লিকেশনে মন্ত্রণালয়ের সকল মামলা/রীট এর তথ্য সংরক্ষণ করা হতো। তাছাড়া কোন রীটের মামলা কি অবস্থায় রয়েছে তা তাৎক্ষণিকভাবে জানা যায়। উক্ত এপ্লিকেশন পাইলটিং হিসেবে ৫০টি রীট মামলার তথ্য এন্ট্রি করা হয়েছিলো। | না | না | 180.211.136.83 | সংশ্লিষ্ট কর্মকর্তা বদলী হয়ে যাওয়ার পর উক্ত শাখা এপ্লিকেশনটি ব্যবহার করা হয়নি। |
| **অর্থবছর : ২০২০-২১** | | | | | | |
| ০১. | Training Management System (TMS); বা প্রশিক্ষণ ব্যবস্থাপনা সিস্টেম | এই এপ্লিকেশনটি in-house development এর মাধ্যমে প্রস্তুত করা হয়েছে। এটি উন্নয়নের জন্য কোন আর্থিক সংশ্লিষ্টতা নেই। এপ্লিকেশনের মাধ্যমে প্রশিক্ষণের পূর্বে প্রশিক্ষণার্থীদের এসএমএস এর মাধ্যমে অবহিত করা যায়। প্রশিক্ষণার্থী ব্যক্তিগত প্রোফাইল সংরক্ষণ ও প্রোফাইলে প্রশিক্ষণার্থী কোন বিষয়ে কত ঘন্টা নিয়েছেন বিস্তারিত রেকর্ড সংরক্ষণ। এছাড়াও ব্যক্তিগত প্রফাইলে প্রশিক্ষণার্থীর দেশে /বিদেশে কত বার ভ্রমণ করেছেন তাঁর বিস্তারিত রেকর্ড সংরক্ষণ। প্রশিক্ষণের হাজিরা ও সম্মানী শীটও এই এপ্লিকেশনের মাধ্যমে প্রিন্ট করা যায়। | হ্যা | হ্যা | 180.211.136.83 | |
| ০২. | বীর মুক্তিযোদ্ধাদের তথ্য ব্যবস্থাপনা সিস্টেম (MIS) | জাতীয় পরিচয়পত্র এর সাথে সংযোগ স্থাপনের মাধ্যমে বীর মুক্তিযোদ্ধা/পরবর্তী ওয়ারিশদের পূর্ণাঙ্গ তথ্য MIS এ স্বয়ংক্রিয়ভাবে অন্তর্ভূক্ত হয়েছে বিধায় বীর মুক্তিযোদ্ধাদের কল্যাণে সরকারের বরাদ্দকৃত কয়েক হাজার কোটি টাকা সঠিক উপকারভোগীর নিকট ইলেকট্রনিক G2P পদ্ধতিতে দ্রুততম সময়ে পৌঁছাবে। এর ফলে ই-সার্ভিস বাস্তবায়ন হবে এবং নাগরিকের সময়, খরচ ও ভ্রমণের পরিমাণ হ্রাসের মাধ্যমে নাগরিক সেবার মান ব্যাপকভাবে উন্নয়ন হয়ে অর্থনীতিতে গতি সঞ্চারিত হবে। এর ফলে বছরে কয়েকশত কোটি টাকার অপচয় রোধ করা সম্ভব হবে। এছাড়া, মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারী সূর্যসন্তান বা তাঁদের পরবর্তী ওয়ারিশগণের তথ্য কালের পরিক্রমায় স্মৃতির অতল গহীনে হারিয়ে যাওয়া থেকে রক্ষা পাবে। মন্ত্রণালয়ের ওয়েবসাইটে MIS এর পাবলিক | হ্যা | হ্যা | mis.molwa.gov.bd | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | ভিউ আকারে সংক্ষিপ্ত ভারশনটি সকলের জন্য উন্মুক্ত রয়েছে। তথ্য ও যোগযোগ প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে সম্পূর্ণ MIS টি প্রস্তুতকৃত এবং নিয়মিত হালনাগাদকরণের প্রয়োজন হবে বিধায় মন্ত্রণালয়সহ বেসরকারি খাতেও দক্ষ মানবসম্পদের উন্নয়নও হবে এবং সংশ্লিস্ট শিল্পের বিকাশ ও অবকাঠামোর উন্নয়ন হবে। | | | | |
| **অর্থবছর : ২০২১-২২** | | | | | | |
| ০১. | হাট বাজারের প্রাপ্ত ৪% অর্থের মনিটরিং সিস্টেম | হাট বাজার মনিটরিং সিস্টেমের মাধ্যমে দেশের ইজারালব্ধ হাট বাজার হতে প্রাপ্ত ৪% অর্থের মনিটরিং সিস্টেম এপ্লিকেশনটি এন্ট্রি করা হয় যাতে করে কোন জেলা/উপজেলা/পৌরসভা বা সিটি কর্পোরেশন থেকে অর্থ পাওয়া যায়নি তা তাৎক্ষণিকভাবে জানা যায়। উক্ত এপ্লিকেশনটি in-house development করা হয়েছে। | হ্যা | হ্যা | 180.211.136.83 | |
| ০২. | মাইগভ এর মাধ্যমে মুক্তিযুদ্ধ ভিত্তিক বই বিতরণ পদ্ধতি সহজীকরণ | মন্ত্রণালয় হতে বিভিন্ন লাইব্রেরিতে বই বিতরণের নির্ধারিত ফরমটি মাইগভ প্লাটফর্মের মাধ্যমে ডিজিটালাইজড করা হয়েছে। মাইগভ প্লাটফর্ম থেকে উক্ত ফরমের মাধ্যমে বই প্রাপ্তির আবেদন করা হলে আবেদনগুলো ইনথিতে ডাক আকারে চলে আসে এবং সেখান থেকে সরাসরি নথিতে উপস্থাপন করা যায়। আবেদনকারী প্রতিষ্ঠানসমূহকে মাইগভের মাধ্যমে বই প্রাপ্তির আবেদন করার বিষয়ে উৎসাহ প্রদান করা যেতে পারে। সে ক্ষেত্রে দ্রুততম সময়ের মাধ্যমে নথি নিষ্পত্তি হবে এবং দ্রুত বই সরবরাহের লক্ষ্যে মাইগভের আবেদনের পদ্ধতি সহজ করা হয়েছে। | হ্যা | হ্যা | https://www.mygov.bd/<br><br>https://www.mygov.bd/service/?id=BDGS-1582541151 | |
| ০৩. | বীর মুক্তিযোদ্ধাদের ডিজিটাল সনদ ও স্মার্ট কার্ড যাচাই এর জন্য প্রস্তুতকৃত মোবাইল এ্যাপ (Freedom Fighter Verifier) | বীর মুক্তিযোদ্ধাদের মাঝে বিতরণকৃত ডিজিটাল সার্টিফিকেট ও স্মার্ট আইডি কার্ডে বেশকিছু নিরাপত্তামুলক বৈশিষ্ট্য (Features) সংযোজন করা রয়েছে। উক্ত বৈশিষ্টসমূহের মধ্যে QR Code এর মাধ্যমে ডিজিটাল সার্টিফিকেট ও স্মার্ট আইডি কার্ডের সঠিকতা Freedom Fighter Verifier App এর মাধ্যমে যাচাই করা যাবে। Google Play Store থেকে App টি ডাউনলোড করে ইনস্টল করে সার্টিফিকেট বা কার্ড এর নিচের ডানদিকের QR Code টি স্ক্যান করলে বিতরণকৃত ডিজিটাল সার্টিফিকেট বা স্মার্ট আইডি কার্ড এর হুবহু কপি দেখে সত্যতা যাচাই করা যাবে। | হ্যা | হ্যা | https://play.google.com/store/apps/details?id=com.molwaseqr&hl=en&gl=US | |